

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড
ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-১) (ই/এস)
প্রবাসী কল্যাণ ভবন, লেভেল-১১
৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০।
www.dmtcl.gov.bd

স্মারক নম্বর:৩৫.০৫.০০০০.১১৩.৫০.০০১.১৯- ৪৫

তারিখ: ২৪ কার্তিক ১৪২৭ বঙ্গাব্দ
০৯ নভেম্বর ২০২০ খ্রিস্টাব্দ


২১.১০.২০২০ তারিখে অনুষ্ঠিত ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী:

সভার শুরুতে সভাপতি সকলকে স্বাগত জানান। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী সভার কাজ শুরু হয়। Zoom Online সভায় অংশগ্রহণকারীগণের তালিকা ‘পরিশিষ্ট-ক’-তে সংযুক্ত করা হলো।

ক্রমিক নং	আলোচ্যসূচি	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১.	বিগত সভার কার্য বিবরণী অনুমোদন	বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হলে সভায় উপস্থিত সদস্যগণের পক্ষ হতে কোন সংশোধনী প্রস্তাব না থাকায় বিগত সভার কার্যবিবরণী অনুমোদনের বিষয়ে সভায় উপস্থিত সদস্যগণ একমত পোষণ করেন।	বিগত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।	
২.	উদ্ভাবনী উদ্যোগ যাচাই-বাছাই	২০২০-২০২১ সালের জন্য প্রণীত বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে ডিএমটিসিএল এর কর্মকর্তাগণের নিকট হতে উদ্ভাবনী আইডিয়া আহ্বান করা হয়েছিল। ২০ অক্টোবর ২০২০ পর্যন্ত ১৯ টি উদ্ভাবনী ধারণা পাওয়া গেছে। প্রাপ্ত উদ্ভাবনী ধারণাসমূহের সারসংক্ষেপ ‘পরিশিষ্ট-খ’-তে সংযুক্ত করা হলো। যাচাই-বাছাইয়ের জন্য প্রাপ্ত উদ্ভাবনী ধারণাগুলো নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনা ও পর্যালোচনান্তে বর্ণিত তালিকার ক্রমিক ৩ এ বর্ণিত ‘ডিএমটিসিএল ডিজিটাল আর্কাইভ’ আইডিয়াটি সময়োপযোগী মর্মে সভায় উপস্থিত সকল সদস্য মতামত প্রদান করেন এবং উক্ত উদ্ভাবনী ধারণাটি পাইলটিং করার লক্ষ্যে তালিকাবদ্ধ করার বিষয়ে একমত পোষণ করেন।	➤ “ডিএমটিসিএল ডিজিটাল আর্কাইভ” শীর্ষক উদ্ভাবনী ধারণাটি তালিকাবদ্ধ করে তথ্য বাতায়নে প্রকাশের ব্যবস্থা গ্রহণ করতে হবে। ➤ পাইলটিং আদেশ জারীর ব্যবস্থা গ্রহণ করতে হবে।	ইনোভেশন টিম, ডিএমটিসি এল
৩.	বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনার বাস্তবায়ন পর্যালোচনা	সভায় জানানো হয় যে, ২০২০-২০২১ সালের উদ্ভাবনী কর্মপরিকল্পনা প্রণয়ন করে যথাসময়ে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগে প্রেরণ করা হয়েছে এবং ডিএমটিসিএল-এর তথ্য বাতায়নে প্রকাশ করা হয়েছে। সেপ্টেম্বর ২০২০ পর্যন্ত কর্মপরিকল্পনার ৪ টি সূচকের লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। অবশিষ্ট সূচকের লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকার উপর গুরুত্ব আরো করা হয়।	এ বছরের অবশিষ্ট লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকতে হবে।	ইনোভেশন টিম, ডিএমটিসি এল

8.	সক্ষমতা বৃদ্ধিকল্পে প্রশিক্ষণ আয়োজন	ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড-এর প্রণীত বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২০২১ অনুযায়ী উদ্ভাবনে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে একদিনের কর্মশালা/সেমিনার ও দুই দিনের প্রশিক্ষণ আয়োজন করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। করোনা উদ্ভূত পরিস্থিতি বিবেচনায় রেখে স্বাস্থ্যবিধি অনুসরণ করে কর্মশালা/সেমিনার ও প্রশিক্ষণ আয়োজন করা যেতে পারে মর্মে সভায় উপস্থিত সদস্যগণ মত প্রকাশ করেন।	উদ্ভাবনে সক্ষমতা বৃদ্ধিকল্পে আগামী ডিসেম্বর ২০২০/ জানুয়ারি ২০২১ মাসের সুবিধাজনক সময়ে কর্মশালা/সেমিনার ও প্রশিক্ষণ আয়োজন করতে হবে।	ইনোভেশন অফিসার ও ইনোভেশন টিম ডিএমটিসিএল
----	--------------------------------------	---	--	---

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


০৯/১১/২০২০

(মো: রাকিব উদ্দিন)

প্রকল্প ব্যবস্থাপক (সিগন্যাল এন্ড টেলিকমিউনিকেশন)

ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রকল্প (লাইন-১) [ই/এস]

ও

ইনোভেশন অফিসার

ফোন: ০২-৪১০৩০৪৯৮

ই-মেইল: mrakib_07@yahoo.com

স্মারক নম্বর: ৩৫.০৫.০০০০.১১৩.৫০.০০১.১৯-

তারিখ: ২৪ কার্তিক ১৪২৭ বঙ্গাব্দ
০৯ নভেম্বর ২০২০ খ্রিস্টাব্দ

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জনাব মোঃ সারওয়ার উদ্দিন খান, প্রকল্প ব্যবস্থাপক-২, ডিএমআরটিডিপি (লাইন-৬)
২. জনাব খালিদ সাইফুল্লাহ সরদার, উপ-প্রকল্প ব্যবস্থাপক(সিপি-০৫), এমআরটি (লাইন-৬)
৩. জনাব মোঃ আরিফুর রহমান, সহকারী প্রকৌশলী (সিভিল), ডিএমআরটিডিপি (লাইন-৬)
৪. জনাব মোঃ জুয়েল শিকদার, সহকারী প্রকৌশলী (মেকানিক্যাল), ডিএমআরটিডিপি (লাইন-৬)
৫. জনাব মোঃ উজ্জল হোসাইন, সহকারী প্রকৌশলী (মেকানিক্যাল), ডিএমআরটিডিপি (লাইন-৬)
৬. জনাব মোঃ শাহরিয়ার কবির, সহকারী প্রকৌশলী (ইলেকট্রিক্যাল), ডিএমআরটিডিপি (লাইন-৬)

অনুলিপি (সদয় অবগতির জন্য):

১. ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের একান্ত সচিব, ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)
২. প্রকল্প পরিচালক, ডিএমআরটিডিপি (লাইন-৬)/(লাইন-১)(ই/এস)
৩. অফিস কপি